গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৯.২১. 260 তারিখঃ 27 /০৭/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যেহেতু, সালমা আক্তার নিপা, পিতাঃ মোঃ চাঁন মিয়া, সিনিয়র স্টাফ নার্স, শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ০৫/০১/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৯.২১.০৭ নং স্মারকে তার বিরুদ্ধে ০৪৬/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ১২/০১/২০২২ খ্রিঃ তারিখে দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনায় ও ব্যক্তিগত শুনানিতে গৃহিত জবাব পর্যালোচনা অন্তে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অসত্য অনুমোদনবিহীন বদলির আদেশ সৃজনে তিনি সম্পৃক্ত হন এবং বদলির আদেশ সৃজনের জন্য ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সালমা বেগম, পিতা-মোঃ সালাউদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা (সাবেক কর্মস্থল-শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গী, গাজীপুর)-কে নগদ প্রদান করেন।

৩। যেহেতু, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে উক্ত বদলির আদেশের সত্যতা যাচাই করা ছাড়া স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র নিয়ে ১৯/০২/২০২০ খ্রিঃ তারিখে শহীদ তাজউদ্দীন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর হতে নতুন কর্মস্থল কাজীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজগঞ্জে যোগদান করেন এবং বদলির আদেশটি অসত্য প্রমাণিত হওয়ায় পুনরায় ০৯/০৩/২০২০ খ্রিঃ তারিখে পূর্বের কর্মস্থলে যোগদান করেন।

৪। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, সালমা আক্তার নিপা, পিতাঃ মোঃ চাঁন মিয়া, সিনিয়র স্টাফ নার্স, শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুরে-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক তিরস্কার দন্ড প্রদান করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৯.২১. 260/1(7) তারিখঃ 27 /০৭/২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, শহীদ তাজউদ্দীন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।
৩। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৪। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ তাজউদ্দীন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।
৫। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদের জন্য)
৬। সালমা আক্তার নিপা, পিতাঃ মোঃ চাঁন মিয়া, সিনিয়র স্টাফ নার্স, শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

27/07/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫২.২১ . 262 তারিখঃ 27 /০৭/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যেহেতু, মোসাঃ মিতু খাতুন (সাময়িক বরখাস্ত), পিতা-মোঃ আব্দুস সাত্তার, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দ্বীপ, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল-চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম) এ কর্মরত আছেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ০৯/১২/২০২০ খ্রিঃ তারিখে ৪৫.০৩.০০০০.০০২৭.২৭.২৮৭.২০২০.২৭১ নং স্মারকে তার বিরুদ্ধে ২১/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ৩০/১২/২০২২ খ্রিঃ তারিখ দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনায় ও গত ২৫/০৩/২০২১ খ্রিঃ তারিখের গৃহীত ব্যক্তিগত শুনানি অন্তে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, তিনি নিজসহ আরো তিনজন নার্সিং কর্মকর্তার অনুমোদনবিহীন অসত্য বদলির আদেশ সৃজনে সম্পৃক্ত ছিলেন।

৪। যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৩ (তিন) বছরের জন্য স্থগিত রাখার দন্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে তিনি বকেয়া পাবেননা এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবেনা।

27/07/22
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫২.২১ . 262/1(10) তারিখঃ 27 /০৭/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়য়, ঢাকা।
২। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৩। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চট্টগ্রাম।
৬। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, চট্টগ্রাম।
৮। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদের জন্য)
৯। মোসাঃ মিতু খাতুন, পিতা-মোঃ আব্দুস সাত্তার, সিনিয়র স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সন্দ্বীপ, চট্টগ্রাম, সাবেক কর্মস্থল-চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

29/9/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৩.২১ - ২৮৩ তারিখঃ ২৭/০৭/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যেহেতু, চম্পা রানী পাল, পিতাঃ মদন কুমার পাল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজারে কর্মরত আছেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ০৯/১২/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮৬.২০২০.২৭৩ নং স্মারকের তার বিরুদ্ধে ২৩/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখে দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনায় ও তদন্ত কর্মকর্তার নিকট লিখিত জবাব পর্যালোচনা অন্তে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, অসত্য ও অনুমোদনবিহীন বদলির আদেশ সৃজনে সম্পৃক্ত থাকা এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে উক্ত বদলির আদেশের সত্যতা যাচাই ব্যতিরেকে ও স্থানীয় কর্তৃপক্ষের ছাড়পত্র ব্যতীত ২৩/১২/২০১৯ খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজার হতে নতুন কর্মস্থল ঝিনাইদহ সদর হাসপাতালে যোগদান করেন।

৪। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, চম্পা রানী পাল, পিতাঃ মদন কুমার পাল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক তিরস্কার দন্ড প্রদান করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৩.২১ - ২৮৩/১(৯) তারিখঃ ২৭/০৭/২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, কক্সবাজার।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার।
৫। জেলা পাবলিক হেলথ নার্স, কক্সবাজার।
৬। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদের জন্য)
৭। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। চম্পা রানী পাল, পিতাঃ মদন কুমার পাল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া, কক্সবাজার।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

27/7/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)